

শাহজাদপুরে শিক্ষা অফিসারের বাসভবনে বোমা প্রশাসন একটু তৎপর হলেই ঘটনার রহস্য বেরিয়ে আসবে

শাহজাদপুর থেকে সংবাদদাতা : সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলা শিক্ষা অফিসার রুমানা সাব্বিরের সরকারি বাসভবনে বোমা নিক্ষেপের ঘটনায় প্রশাসনের সর্বস্তরে ব্যাপক ভীতি ও ক্ষোভের সৃষ্টি হয়েছে। চাকর্যকর এই বোমা হামলার ঘটনায় পুলিশ ইতোমধ্যেই সন্দেহভাজন কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করেছে বলে থানা সূত্রে জানা গেছে। নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় প্রাথমিক শিক্ষক সমিতির একজন সদস্য গত ১৮ই এপ্রিল 'সংবাদ'কে জানান, প্রশাসন একটু তৎপর হলেই বোমা হামলা ঘটনার রহস্য বেরিয়ে পড়বে।

উল্লেখ্য, গত ১৩ই এপ্রিল গভীর রাতে উপজেলা শিক্ষা অফিসারের বাসায় একদল সন্ত্রাসী বোমা নিক্ষেপ করে। এর ফলে তার বাসার জানালা ভেঙে চূর্ণবিচূর্ণ হয় এবং ঘরের আসবাবপত্রের ব্যাপক ক্ষতি হয়। জানা গেছে, শিক্ষা অফিসার কিছু অনিয়মের বিরুদ্ধে দৃঢ় অবস্থান নেয়ায় শিক্ষা অফিসারের সঙ্গে প্রাথমিক শিক্ষক সমিতির কতিপয় নেতা ও শিবিখার ডিলারদের সঙ্গে মতবিরোধ চলছিল।

গুরুতর জখম করে ছিনতাই

সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার ভাটপাড়া গ্রামের বিপ্লব নন্দী নামের এক ওসিকে গত ১৭ই এপ্রিল একদল সন্ত্রাসী ধারালো অস্ত্র দিয়ে

মারাত্মক জখম করে তার কাছ থেকে নগদ প্রায় ৩০ হাজার টাকা, ১টি সোনার চেইন ও ঘড়ি ছিনিয়ে নিয়ে গেছে। এলাকাবাসী জানায়, উপজেলার কৈজুরী ইউনিয়নের ভাটপাড়া গ্রামের বাসিন্দা বিপ্লব নন্দী সদরের কাপড় হাট থেকে বাড়ি ফেরার পথে গ্রামের অদূরে এ ঘটনা ঘটে। মারাত্মক আহত অবস্থায় বিপ্লবকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।